

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক ধর্মঘটে অচল

ভিসির পদত্যাগ দাবি

■ আবি স্ববোধদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ডিন অধ্যাপক শরীফ এনামুল কবিরের পদত্যাগের দাবিতে শিক্ষক সমাজের ব্যানারে গতকাল বঙ্গবন্ধুর সর্বাঙ্গিক ধর্মঘট পালন করেছেন আন্দোলনরত শিক্ষকরা। গতকাল আন্দোলনে কার্যত অচল হয়ে পড়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম। এ পরিস্থিতি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমকে অনিচ্ছয়তার দিকে ঠেলে দিচ্ছে বলে মনে করছেন শিক্ষার্থীরা।

গতকাল ভোর পাঁচটায় বিশ্ববিদ্যালয়ের পরিবহন চত্বর থেকে ঢাকায় কোন বাস যেতে পারেনি। শিক্ষকরা এ সময় পরিবহন চত্বরে এসে তাদের ধর্মঘট কর্মসূচি শুরু করেন। সকাল সাড়ে সাতটায় প্রশাসনিক ভবনে কর্মকর্তা-কর্মচারীরা প্রবেশ করতে চাইলে শিক্ষকরা তাদের বাধা দেন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, সহকারি রেজিস্ট্রারসহ কোন কর্মকর্তা প্রশাসনিক ভবনে ঢুকতে না পেরে চলে যান।

পৃষ্ঠা ২ কলাম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

২৪ পৃষ্ঠার পর

আন্দোলনরত শিক্ষকরা সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের আন্দোলনে অংশগ্রহণের আহ্বান জানিয়ে লিফলেট বিতরণ করেন এবং প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ করেন। দুপুর দেড়টায় বিশ্ববিদ্যালয়ের ঢাকাগামী সকল বাস প্রশাসনিক ভবনের সামনে আটকে দেন তারা। অধিকাংশ বিভাগে ক্লাস ও পরীক্ষায় শিক্ষকদের আন্দোলনের প্রভাব পড়ে। অর্থনীতি বিভাগের তৃতীয় বর্ষের এবং দর্শন বিভাগের চতুর্থ বর্ষের ফাইনাল পরীক্ষা স্থগিত করা হয়।

এদিকে সাধারণ শিক্ষার্থী পরিষদ ব্যানারে কিছু শিক্ষার্থী নিয়মিত ক্লাস পরীক্ষা চাই 'সেশনজটমুক্ত ক্যাম্পাস চাই' স্লোগান দিয়ে মিছিল করেছে। বিকাল সাড়ে চারটায় শিক্ষকরা ধর্মঘট কর্মসূচি শেষ করেন। দ্বিতীয় দিনের মত আজ ধর্মঘট করবেন তারা। কর্মসূচিতে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এ.এ. মামুন, সম্পাদক মো. পরিফ উদ্দীন, অধ্যাপক এমএ মতিন, অধ্যাপক মানস কুমার চৌধুরী, অধ্যাপক এটিএম আতিকুর রহমান, অধ্যাপক শামছুল আমিন, অধ্যাপক রশীদ হারুন, আনোয়ারুল্লাহ উল্লাহ, অধ্যাপক মোস্তাফিজ হক, অধ্যাপক সীমা হক প্রমুখ অংশ নেন।

আন্দোলনকে অর্থোক্তিক দাবি করে প্রশাসনপন্থি শিক্ষক ও কলা অনুষদের ডিন অধ্যাপক অসিত বরণ পাল বলেন, ক্লাস পরীক্ষা চলছে। এ বিষয়ে মহাধানের জন্য তাদের সাথে আলোচনার চেষ্টা চলছে।

শিক্ষক সমাজের আহ্বায়ক অধ্যাপক নাসিম আখতার হোসাইন বলেন, অংশভিত্তিক ভিসিকে পদত্যাগ না করানো পর্যন্ত আন্দোলন চলবে।